লাইব্রেরী নং ১২২২(২)প্র:প্র:
তারিখ ৪/১০/১৭
প্রধান প্রকৌশলীর (সওজ) দপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

অ:প্র:প্র:,পওর| খুলনা জোন

নথি নং-৩৫.০০.০০০০.০১৫.১৪ ০৫২.১৬- ৪৯২ তারিখঃ ২৭.০৯.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থবছরে খুলনা সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় মহাসড়ক অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত।

সূত্র: অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, খুলনা সড়ক জোন, খুলনা এর পত্র নং-সড়ক/ভবন/২৪৪/৪ তারিখ ০৩.০৮.২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন খুলনা সড়ক জোনের ২০১৭-২০১৮ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

ক্রম	সড়ক বিভাগের নাম	মহাসড়কের নাম	মহাসড়কের চেইনেজ	প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য (কিঃমিঃ)	কাজের ধরণ	সম্ভাব্য কাজের ব্যয় (লক্ষ টাকায়)
১	যশোর	ভাটিয়াপাড়া-কলেজ-কোয়াপাড়া-নড়াইল-যশোর মহাসড়ক (এন-৮০৬) (যশোর অংশ) এবং চাঁড়াভিটা-বাঘারপাড়া সংযোগ মহাসড়ক (জেড-৭৫০১),	৪১+১৬৯-৫২+০৬৯ (চাঁড়াভিটা হতে হাফিজপুর) ০০+০০০-০৪+৩৩০ (চাঁড়াভিটা বাজার হতে বাঘারপাড়া বাজার পর্যন্ত)	১৫.২৩০	চেইনেজ: ৪২+৮২০-৪৩+৪২০, ৪৩+৮৭০-৪৪+০২০ ৪৫+২৯০-৪৫+৫৪০; ৪৬+৬০০-৪৬+৮০০ ৪৯+১০০-৪৯+২৭৫, ৫০+১৫০-৫০+৩২৫ ৫০+৯০০-৫১+১০০, ৫১+২১০-৫২+০১৯ এ আংশিক মজবুতিকরণসহ ৫০ মিলিমিটার ওভারলে	১৬৮২.০০
২	বাগেরহাট	দৌলতদিয়া-ফরিদপুর(গোয়ালচামট-মাগুরা-ঝিনাইদহ-যশোর-খুলনা-মংলা (দিগরাজ) জাতীয় মহাসড়ক (এন-৭) (বাগেরহাট অংশ)	২২৪+৩১৫-২২৫+৮১৫ শ্যামবাগাত হতে বেলাই ব্রীজ ২৩২+৮১৫-২৩৭+৭৮৫ ভরসাপুল মোড়-ভাণ্ড বাজার ২৩৯+৩১৫-২৪৩+৩১৫ চেয়ারম্যান মোড়-বেলাই ব্রীজ	১০.৪৭০	চেইনেজ: ২৩৪+৩১৫-২৩৪+৫১৫, ২৩৯+২৬৫-২৪১+৮১৫ ২৪২+৮১৫-২৪২+৯৬৫ এ আংশিক মজবুতিকরণসহ ৫০ মিলিমিটার ওভারলে	১১৯৯.৮৬
৩	ঝিনাইদহ	ঝিনাইদহ-কুষ্টিয়া-পাকশী ফেরী-দাশুরিয়া জাতীয় মহাসড়ক (এন-৭০৪) (ঝিনাইদহ অংশ)	০১+৫০০-০২+৭৫০ কাডেট কলেজ-পাবলা ০৯+৭০০-১২+২০০ চাঁদপুর-চাঁদপুর ১৪+০০০-২১+২৩০ পাড়াগঞ্জ-শেখপাড়া	১০.৯৮০	চেইনেজ: ০৯+৮০০-১০+১০০, ১৮+৩০০-১৯+৩০০ এ আংশিক মজবুতিকরণসহ ৫০ মিলিমিটার ওভারলে	১১৪৯.৯৪
৪	চুয়াডাঙ্গা	জীবননগর-দত্তনগর মহাসড়ক (আর-৭৪৩)	০০+০০০-০৫+২৬০ জীবন নগর-দত্তনগর	৫.২৬০	চেইনেজ: ০১+০০০-০৫+২৬০ এ আংশিক মজবুতিকরণসহ ৫০ মিলিমিটার ওভারলে	৯৪২.৮৯
৫	কুষ্টিয়া	কুষ্টিয়া(ভিমোহনী)-মেহেরপুর -চুয়াডাঙ্গা-ঝিনাইদহ আঞ্চলিক মহাসড়ক (কুষ্টিয়া অংশ) (আর-৭৪৫)	১০+৫০০-২৩+৭৭৯ ভান্ডা বটতলা-গলিশাকুন্ডি	১৩.২৮০	চেইনেজ: ১০+৫০০-১১+১০০, ১৫+০০০-১৫+৪০০ ১৬+০৫০-১৬+৩৫০, ১৮+৫০০-১৮+৮০০ ২২+৬০০-২২+৮০০, ২৩+৩০০-২৩+৪০০ ২৩+৪৫০-২৩+৬০০ এ আংশিক মজবুতিকরণসহ ৫০ মিলিমিটার ওভারলে	১১৭৩.৩৩
		মোট		৫৫.২২		৬১৪৮.০২

শর্তঃ

১। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;

২। ২০১৫ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;

৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভুক্ত করতে হবে;

৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;

৫। গত তিনি অর্থবছরের মধ্যে DBST এবং নূনতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ কোটি টাকার উর্ধ্ব মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। তবুও বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;

৭। ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভুক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;

৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে হবে;

৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তাও যাচাই দিতে হবে;

Signed

কাজী আব্দুল্লাহ আল-মামুন
প্রোগ্রামার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১। ২০১৭-২০১৮ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে চুক্তি সমাপ্তির নিমিত্ত কাজ শুরুর তারিখ হতে (Notice to commence) সর্বোচ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভূক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে আর্থায়নে অন্তর্ভূক্ত করা যাবে।

১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত ন্যূনতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;

১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;

১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন,২০১৬ (১ আগষ্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Batching plant না থাকলে ভাড়ায় গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Batching plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;

১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে ন্যূনতম ৩ বছরের জন্য Debar করতে হবে;

১৮। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;

১৯। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দুর্বল/ক্ষতিগ্রস্থ থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২০। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২১। সড়কের পার্শ্বে ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে; এ

২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে ন্যূনতম Class-35 এবং জেলা মহাসড়কের ন্যূনতম Class-30 মানের হতে হবে;

২৩। রিজিড পেভমেন্ট এবং HBB নির্মাণের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন সংগ্রহপূর্বক কর্মসূচী বাস্তবায়ন করতে হবে; এবং

২৪। অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রেও সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন অনুমোদন করিয়ে নিয়ে কর্মসূচী বাস্তবায়ন করতে হবে।

২৭/৯/১৭

(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপ সচিব
ফোন: ৯৫১৪০৭৫।
dsmaintenace@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০২। জনাব মোঃ আজহারুল ইসলাম খান, যুগ্মসচিব (প্রশাসন), মনিটরিং টিম প্রধান, টিম নং-১১, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
০৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, খুলনা সড়ক জোন, খুলনা।
০৫। জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব (ডিটিসিএ ও ডিএমটিসি), মনিটরিং টিম প্রধান, টিম নং-১২, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৭। জনাব মোহাম্মাদ ফারুক হোসেন, উপসচিব (অডিট), মনিটরিং টিম প্রধান, টিম নং-১৩, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
০৯। অফিস কপি/ মাস্টার কপি।

Signed

কাজী আব্দুল্লাহ আল-মামুন
প্রোগ্রামার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার